

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
আইসিটি শাখা

www.sunamgnaj.gov.bd

সভাপতি	মোহাম্মদ আব্দুল আহাদ
	জেলা প্রশাসক
সভার তারিখ	১৮/১১/২০১৮
সভার সময়	বিকাল ৪:৩০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সুনামগঞ্জ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যবিবরণীর উপর কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জেলা পর্যায়ের আইসিটি কার্যক্রমের বিভিন্ন উদ্যোগসমূহের উপর বিস্তারিত আলোচনা করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) জেলা ও উপজেলা পর্যায়ের যে সকল সরকারি দপ্তরে ই-নথি চালু রয়েছে সে সকল সরকারি দপ্তরের ই-নথির প্রতিবেদনসহ জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের পোর্টালের বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করেন।

সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র/নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	ই-নথি : সভায় জেলা প্রশাসকের কার্যালয়সহ জেলার যে সকল উপজেলা ও সরকারি দপ্তরে ই-নথি কার্যক্রম চলমান রয়েছে সে সকল প্রতিষ্ঠানের ই-নথিতে নিষ্পত্তিকৃত পত্র/নথি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	জেলা প্রশাসকের কার্যালয়ের সকল শাখার যাবতীয় পত্রাদি ই-নথিতে নিষ্পত্তির ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা পর্যায়ের যে সকল দপ্তরের ই-নথি বিষয়ক প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে সে সকল দপ্তরকে ই-নথিতে কার্যক্রম বৃদ্ধির জন্য পত্র দেয়া ও ই-নথি বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার জে:প্র:কা:, সুনামগঞ্জ
২.	মাল্টিমিডিয়া ক্লাসরুম : সভায় অনলাইন মাল্টিমিডিয়া ক্লাসরুম ড্যাসবোর্ড মনিটরিং বিষয়ে আলোচনা করা হয় এবং প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু করার বিষয়ে আলোচনা করা হয়।	যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে উক্ত প্রতিষ্ঠানের প্রধানদের মাল্টিমিডিয়া ক্লাসরুমের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং অনলাইনে তথ্যাদি আপলোড করার জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া যে সকল প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্থানীয় উদ্যোগে মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সহকারী কমিশনার (আইসিটি), সুনামগঞ্জ

৩.	জাতীয় ই-গভ:নেটওয়ার্ক ব্যবহার : সভায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাংলা গভ:নেট এবং ইন্ট্রা-নেটওয়ার্ক এর আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরে নেটওয়ার্ক সংযোগ প্রদান করা হয়েছে সে সকল অফিসের নেটওয়ার্কের বর্তমান অবস্থা নিয়ে আলোচনা করা হয়।	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাংলা গভ:নেট এবং ইন্ট্রা-নেটওয়ার্ক এর আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরে নেটওয়ার্ক সংযোগ প্রদান হয়েছে সে সকল দপ্তরের প্রধানদের ইন্টারনেটের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে স্থাপিত ভিডিও কনফারেন্সিং সিস্টেম সার্বক্ষণিক সচল রাখা এবং জাতীয় ই-গভ:নেটওয়ার্ক এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানানো হয়	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ
৪.	ওয়েব পোর্টাল হালনাগাদকরণ : সভায় জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জনগণ যাতে সঠিক তথ্য ওয়েব পোর্টাল হতে সংগ্রহ করতে পারে সে লক্ষ্যে ওয়েব পোর্টাল হালনাগাদকরণের উপর বিস্তারিত আলোচনা করা হয়।	সভায় মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর নির্দেশনার আলোকে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের পোর্টাল আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া যে সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট নাই সে সকল সরকারি দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার জে:প্র:কা:, সুনামগঞ্জ
৫.	সরকারি অফিসের ফেসবুক পেজ তৈরী : জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল সরকারি অফিসে ফেসবুক পেজ এখনো তৈরী করেনি তাদের ফেইসবুক পেজ তৈরী ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।	ক) যে সকল প্রতিষ্ঠানের ফেইসবুক পেজ নেই তাদের নিজ নিজ দপ্তরের নামে ফেইসবুক পেজ দ্রুত খোলার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। খ) দপ্তরের দৈনন্দিন কর্মকান্ড ফেইসবুক পেজে প্রচারসহ নাগরিক সমস্যার দ্রুত সমাধানে জন্য নির্দেশনা প্রদান করা হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সহকারী কমিশনার (আইসিটি) ও সহকারী প্রোগ্রামার
৬.	ইউডিসি সংক্রান্ত : সভায় ইউনিয়ন ডিজিটাল সেন্টার নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	যে সকল ইউনিয়নের পোর্টাল এখনও হালনাগাদ করা হয়নি সে সকল ইউনিয়নের পোর্টালগুলি দ্রুত হালনাগাদের জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া টি আর, কাবিটা, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির তথ্যাদি পোর্টালে আপলোডের জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ আব্দুল আহাদ
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০৩১.০১.০১৪.১৬.২৩৭

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৫

২৯ নভেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

- ২) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৪) মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৫) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ৬) জনাব.....,, সুনামগঞ্জ
- ৭) উপজেলা নির্বাহী অফিসার,(সকল), সুনামগঞ্জ



মোহাম্মদ আব্দুল আহাদ
জেলা প্রশাসক